গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
(সাধারণ শাখা)
www.manikganj.gov.bd

স্মারক নং-০৫.৩০.৫৬০০:২০৪.১৬.০২৩.২৫- ৮৫ তারিখঃ ০৮-০২-২০২৬ খ্রি.

বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ এর আলোকে শূন্য ডিলার ইউনিটে ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচার প্রসঙ্গে।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও উপকরণ অনুবিভাগ স্মারক নং- ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-০৮ তারিখঃ ০৫/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫ এর আলোকে অত্র জেলায় ৬৮ টি শূন্য ডিলার ইউনিটে নতুন ডিলার নিয়োগের লক্ষ্যে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি এতদসংগে পেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

08/02/26

নাজমুন আরা সুলতানা
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি,
মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ।
৩। জেলা প্রাণিসম্পদ অফিসার, মানিকগঞ্জ।
৪। জেলা মৎস্য অফিসার, মানিকগঞ্জ।
৫। যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, ঢাকা।
৬। জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, মানিকগঞ্জ।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), মানিকগঞ্জ।
৮। কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, মানিকগঞ্জ।
৯। উপ-পরিচালক, বিআরডিবি, মানিকগঞ্জ।
১০। জেলা সমবায় অফিসার, মানিকগঞ্জ।
১১। উপ-পরিচালক, (বীজ) বিএডিসি, ঢাকা।
১২। উপজেলা কৃষি অফিসার (সকল), মানিকগঞ্জ।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, মানিকগঞ্জ (গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারে অনুরোধসহ)।
১৪। সভাপতি, প্রেস ক্লাব, মানিকগঞ্জ।
১৫। সভাপতি, চেম্বার অব কমার্স, মানিকগঞ্জ।
১৬। বিএফএ, প্রতিনিধি, মানিকগঞ্জ।
১৭। সম্পাদক/ প্রকাশক, আপনার বহুল প্রচারিত "দৈনিক নয়াদিগন্ত" পত্রিকায় (১৫×৪) মাপ অনুযায়ী প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। সম্পাদক/ প্রকাশক, আপনার বহুল প্রচারিত "দৈনিক মানিকগঞ্জের কাগজ"পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

# সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা ২০২৫' এর আলোকে মানিকগঞ্জ জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে

| ক্রমিক নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন | শূন্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা ..........ওয়ার্ড |
|---|---|---|---|
| ১ | মানিকগঞ্জ সদর | বেতিলা মিতরা | অরঙ্গবাদ, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২ | | নবগ্রাম | গিলন্ড, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩ | | পুটাইল | ঘোস্তা, ওয়ার্ড ১,২,৩ |
| ৪ | | | কৈইতরা, ওয়ার্ড ৭.৮.৯ |
| ৫ | | ভারারিয়া | খাবাশপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬ | | হাটিপাড়া | বনপারিল, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৭ | | | বরুন্ডি, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৮ | | আটিগ্রাম | ফারির চর,ওয়ার্ড ৭,৮,৯ |
| ৯ | সিংগাইর | বায়রা | বাইমাইল,ওয়ার্ড ১,২,৩ |
| ১০ | | | জামালপুর, ওয়ার্ড ৭.৮,৯ |
| ১১ | | সিংগাইর সদর | পশ্চিম গোবিন্দল, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১২ | | | চর আজিমপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৩ | | বলধরা | বলধরা, ওয়ার্ড ৪,৫,৬ |
| ১৪ | | | কালিয়াকৈর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৫ | | চারিগ্রাম | দাশেরহাটি, ওয়ার্ড ১,২,৩ |
| ১৬ | | | দক্ষিণ চারিগ্রাম,ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৭ | | জামশা | সারাদিয়া,ওয়ার্ড ১,২,৩ |
| ১৮ | | | উত্তর জামশা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ১৯ | | শায়েস্থা | লক্ষীপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ২০ | | ধল্লা | খাসেরচর, ওয়ার্ড ১,২,৩ |
| ২১ | | জামির্তা | পানিশাইল, ওয়ার্ড ১,২,৩ |
| ২২ | | চান্দহর | মাধবপুর,ওয়ার্ড ১,২,৩ |
| ২৩ | | | চান্দহর,ওয়ার্ড ৪,৫,৬ |
| ২৩ | সাটুরিয়া | দিঘলিয়া | দিঘলিয়া,ওয়ার্ড ১,২,৩ |
| ২৫ | | | দেলুয়া,ওয়ার্ড ৪,৫,৬ |
| ২৬ | | বালিয়াটি | গর্জনা ব্লক,ওয়ার্ড ১,২,৩ |
| ২৭ | | | হাজিপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ২৮ | | দড়গ্রাম | নওগাঁও, ওয়ার্ড ১,২,৩ |
| ২৯ | | তিল্লী | পাড়তিল্লী, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩০ | | হরগজ | হরগজ দক্ষিণ, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩১ | ঘিওর | বালিয়াখোড়া | কুশুন্ডা, ওয়ার্ড ১,২,৩ |
| ৩২ | | | বাষ্টিয়া, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৩৩ | | বড়টিয়া | বড়টিয়া, ওয়ার্ড ১,২,৩ |
| ৩৪ | | | করজোনা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৫ | দৌলতপুর | চরকাটারী | চরগবিন্দপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৩৬ | | | দক্ষিন চরকাটারী, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৭ | | বাচামারা | কল্যানপুর, ওয়ার্ড ১,২,৩, |
| ৩৮ | | | হাজীপাড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৩৯ | | বাঘুটিয়া | চরকালিকাপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৪০ | | | বাঘুটিয়া, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪১ | | জিয়নপুর | উত্তর আরা,ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪২ | | | জিয়নপুর, ওয়ার্ড ৭,৮,৯ |

| | | | |
|---|---|---|---|
| ৪৩ | | খলসী | খলসী, ওয়ার্ড ১,২,৩ |
| ৪৪ | | | ভররা, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৫ | | বাল্লা | গোড়াইল, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪৬ | | গালা | কালিকাপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৪৭ | | চালা | সট্টি, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৪৮ | | বলড়া | বহলাতলী, ওয়ার্ড ~~৫~~,৪,৫,৬ |
| ৪৯ | | | বলড়া, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫০ | | হারুকান্দি | হারুকান্দি,ওয়ার্ড ১,২,৩ |
| ৫১ | | | মির্জানগর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫২ | | বয়ড়া | ভাটিবয়ড়া, ওয়ার্ড ১,২,৩, |
| ৫৩ | | | দরিকান্দি, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৪ | | রামকৃষ্ণপুর | বাহিরচর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৫ | | গোপীনাথপুর | বাহাদুরপুর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৬ | হরিরামপুর | কাঞ্চনপুর | কুশিয়ারচর,ওয়ার্ড ১,২.৩ |
| ৫৭ | | | আকনকান্দি, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৫৮ | | নেছড়াগঞ্জ | নটাখোলা, ওয়ার্ড ১,২,৩ |
| ৫৯ | | | পাটগাও, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬০ | | | ভগবানচর, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬১ | | সুতালড়ী | কোদালিয়া, ওয়ার্ড ১,২,৩ |
| ৬২ | | | সুতালড়ী, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৩ | | | রামচন্দ্রপুর,ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৪ | | ধুলশুড়া | ধুলশুড়া, ওয়ার্ড ১,২,৩ |
| ৬৫ | | | বোয়ালী, ওয়ার্ড ৭,৮,৯ |
| ৬৬ | | আজিমনগর | বসন্তপুর, ওয়ার্ড ১,২,৩ |
| ৬৭ | | | শিকারপুর, ওয়ার্ড ৪,৫,৬ |
| ৬৮ | | | আজিমনগর, ওয়ার্ড ৭,৮,৯ |

**শর্তাবলী :**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে।

(গ) যোগ্যতা :

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়াম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানা অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০.০০(দশ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮(আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিক ভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসিবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২(দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো সরকারি কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেনা ;
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সংজ্ঞা দেশে বিদ্যমান প্রচলিত আইন দ্বারা নির্ধারিত হবে ; এবং

(ঙ) একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০০০০/-(দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরুপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষনা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্ধারিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান;**

(১) **২৪-০২-২০২৬খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত;**
(২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, মানিকগঞ্জ এর দপ্তরে জমা করতে হবে। **কোনো কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

08/02/26

নাজমুন আরা সুলতানা
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
এবং
জেলা প্রশাসক
মানিকগঞ্জ ।